অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/24/2022 **গভর্নর ক্যাথি হোকল**

ইউক্রেনীয় জনগণ ও নিউ ইয়র্কে তাদের মিত্রদের জন্য সংস্থান সরবরাহ করতে গভর্নর হোকলের ওয়েবসাইট চালুর ঘোষণা

সংস্থানগুলোর মধ্যে সহায়তামূলক পরিষেবা, অভিবাসী সহায়তা, মানসিক সহায়তা, মানবিক সাহায্য এবং আপনার সমর্থন জানানোর উপায়গুলো সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্ত রয়েছে

ওয়েবসাইটে ভিজিট করুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজ ইউক্রেনীয় জনগণ এবং এখানে নিউ ইয়র্কে তাদের বন্ধু-বান্ধব ও মিত্রদের সহায়তা করার জন্য নিউ ইয়র্ক স্টেট ও এর অংশীদারদের অফারকৃত সংস্থানগুলো নিয়ে একটি নতুন ওয়েবসাইট চালু করার ঘোষণা দিয়েছেন। ইউক্রেনে রাশিয়ার আগ্রাসনের মধ্যে স্ক্যাম ও সাইবার নিরাপত্তা হুমকির বিষয়ে ভোক্তাদেরকে সতর্ক করার জন্য গভর্নরের ঘোষণার পরেই এই ঘোষণাটি এসেছে। সমর্থন প্রদর্শনের একটি বাড়তি উপায় হিসেবে, গভর্নর আরো ঘোষণা করেছেন যে ক্যাপিটল বিল্ডিং, এক্সিকিউটিভ ম্যানশন, এবং হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসের সদর দফতরে ইউক্রেনের পতাকা ওড়ানো হবে।

"ভ্লাদিমির পুতিনের স্বৈরাচারী আচরণের বিপরীতে ইউক্রেনের দৃঢ় অবস্থান বিশ্বের বাকি অংশের জন্য একটি অনুপ্রেরণা, এবং বহু নিউ ইয়র্কবাসী ইতোমধ্যে মানবিক প্রচেষ্টায় সহায়তা করার জন্য তাদের দায়িত্বটুকু পালন করছেন," **বলেছেন গভর্নর হোকল।** "এধরনের মুহূর্তগুলোতে নিউ ইয়র্কবাসী সবসময় যাদের সহায়তা প্রয়োজন তাদের পাশে থাকে। এখানে নিউ ইয়র্কে আমাদের ইউক্রেনীয় ভাই ও বোনদের জন্য যারা সাহায্যের হাত বাড়িয়ে দিতে আগ্রহী তাদের জন্য আস্থাভাজন সংস্থানসমূহ সরবরাহ করতে পেরে আমরা গর্বিত।"

ইউক্রেনকে সহায়তা করার জন্য গভর্নর হোকলের চলমান প্রচেষ্টার মধ্যে এই নির্দেশটি এসেছে। গত সপ্তাহে, রাশিয়ায় ব্যবসা চালিয়ে যাওয়া সংস্থাগুলির সাথে চুক্তি করতে স্টেট সংস্থা এবং কর্তৃপক্ষকে নিষিদ্ধ করার জন্য গভর্নর একটি নির্বাহী আদেশ ঘোষণা করেছেন। মার্চের শুরুতে, গভর্নর ক্যাথি হোকল রাশিয়ার বিরুদ্ধে আর্থিক পরিষেবা বিভাগের (Department of Financial Services) গৃহীত শাস্তিমূলক ব্যবস্থা জোরদার করার জন্য উদ্যোগ গ্রহণের ঘোষণা দিয়েছিলেন যার মধ্যে আরো বেশি ব্লকচেইন অ্যানালিটিক্স প্রযুক্তি সংগ্রহ ত্বরাণ্বিত করা অন্তর্ভুক্ত ছিল।

ফেব্রুয়ারিতে, গভর্নর হোকল সকল স্টেট সংস্থা এবং কর্তৃপক্ষকে রাশিয়া থেকে সরকারি ফান্ড অপসারণ করতে এবং রাশিয়ান কোম্পানিগুলির সাথে ব্যবসা বন্ধ করার নির্দেশ দিয়েছিলেন।

ওয়েবসাইটে যেসব সংস্থান পাওয়া যাবে সেগুলো হলো:

সহায়তা পরিষেবা

অফিস ফর নিউ আমেরিকান্স (Office for New Americans, ONA) অবস্থা নির্বিশেষে নিউ ইয়র্ক স্টেটে সব অভিবাসী ও শরণার্থীর জন্য বিনামূল্যে বিভিন্ন সহায়তামূলক পরিষেবা প্রদান করে থাকে, যেমন:

- এটির আইনি পরিষেবা প্রদানকারীদের নেটওয়ার্কের মাধ্যমে আশ্রয় গ্রহণের জন্য আবেদন এবং বহিষ্কারের বিরুদ্ধে সুরক্ষা সহ বিনামূল্যে আইনি সহায়তায় অ্যাক্সেস
- এটির অপর্চুনিটি সেন্টারগুলোর নেটওয়ার্কের মাধ্যমে ইংরেজি ভাষার কোর্স
- এটির গোল্ডেন ডোর (Golden Door) কর্মসূচির মাধ্যমে মানসিক স্বাস্থ্য সহায়তা গ্রুপগুলোতে অ্যাক্সেস
- কর্মীদলে যোগ দেয়ার জন্য প্রস্তুতির হাতিয়ারসমূহ যেমন রিজুমে লেখা, ডিজিটাল স্বাক্ষরতার দক্ষতা, এবং ক্রেডেনশিয়াল মূল্যায়ন
- ONA রামিরেজ জুন ইনিশিয়েটিভ (ONA Ramirez June Initiative)-এর মাধ্যমে বৃদ্ধিগত অক্ষমতা বিষয়ক পরিষেবাগুলো অ্যাক্সেস করতে সহায়তা

অফিস অব নিউ আমেরিকান্স-এর ওয়েবসাইটে এখানে ভিজিট করুন অথবা 1-800-566-7636 নম্বরে তাদের হটলাইনে যোগাযোগ করুন। NYS নিউ আমেরিকান্স হটলাইন অভিবাসী ও শরণার্থীদের স্টেটব্যাপী বিনামূল্যের পরিষেবাগুলোর সাথে সংযুক্ত করে। হটলাইন ছুটির দিন ছাড়া সোমবার থেকে শুক্রবার, সকাল 9:00টা থেকে রাত 8:00টা পর্যন্ত চালু থাকে। সমস্ত কল গোপনীয় রাখা হয়। ইউক্রেনীয় ও রাশিয়ান সহ 200টিরও বেশি ভাষায় সহায়তা পাওয়া যায়।

যদি আপনি ইউক্রেনে অবস্থানরত যুক্তরাষ্ট্রের নাগরিক হন, তাহলে দেশত্যাগ করতে ইচ্ছুক ব্যক্তিদের জন্য যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্টের (State Department) সংস্থানসমূহ রয়েছে। এছাড়াও তারা পোল্যান্ড, রোমানিয়া, হাঙ্গেরি, স্লোভাকিয়া, ও মলদোভা সহ আশেপাশের দেশগুলোর জন্য ভ্রমণের অবস্থা ও স্থল সীমান্ত সংক্রান্ত নির্দেশনা প্রদান করছে।

ইউক্রেনে অবস্থানরত যুক্তরাষ্ট্রের নাগরিকদের উচিত এই অনলাইন ফরমটি পূরণ করা যাতে স্টেট ডিপার্টমেন্ট আপনাদের সাথে যোগাযোগ করতে পারে। এছাড়াও ইউক্রেন ত্যাগ করতে আগ্রহী যুক্তরাষ্ট্রের নাগরিকরা তাৎক্ষণিক সহায়তার জন্য 1-833-741-2777 নম্বরে (যুক্তরাষ্ট্রে) অথবা 1-606-260-4379 (দেশের বাইরে থেকে) নম্বরে ফোন করতে পারেন। এছাড়াও আপনি

স্টেট ডিপার্টমেন্টের ওয়েবসাইটে থাকা ইউক্রেন সংকট শীর্ষক পেইজ ভিজিট করতে পারেন এখানে।

নিউ ইয়র্কে ইউক্রেনের কনসুলেট জেনারেল (Consulate General of Ukraine) বর্তমানে কনসুলার পরিষেবা প্রদান করছে। তবে, ইউক্রেন থেকে ডকুমেন্ট পাওয়ার প্রয়োজন হয় এমন সকল কনসুলার পরিষেবা, যেমন নতুন পাসপোর্ট ও ভিসা ইস্যু করার পরিষেবা পরবর্তী নির্দেশ না আসা পর্যন্ত স্থগিত থাকবে।

যদি আপনার ভিসা বা পাসপোর্ট নিয়ে কোনো প্রশ্ন থাকে, আপনি gc_usn@mfa.gov.ua ঠিকানায় ইমেইল করে অথবা 212-371-6965 বা 212-371-5690 নম্বরে ফোন করে কনসুলেট জেনারেলের সাথে যোগাযোগ করতে পারেন।

নিউ ইয়র্কে অবস্থানরত এবং জরুরি পরিস্থিতির (যেমন ডিটেনশন) সম্মুখীন ইউক্রেনীয়রা সহায়তার জন্য 917-325-1444 নম্বরে কনসুলেটের হটলাইন নম্বরে ফোন করতে পারেন।

অভিবাসন বিষয়ক সহায়তা

ইতোমধ্যে যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন এমন ইউক্রেনীয়দের জন্য সুরক্ষার ব্যবস্থা থাকতে পারে। রাশিয়ান সামরিক আক্রমণের ফলস্বরূপ ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি ইউক্রেনীয়দের জন্য 18 মাস পর্যন্ত সাময়িক সুরক্ষিত অবস্থা (TPS) প্রদানের ঘোষণা দিয়েছে। এই মনোনয়নের অধীনে TPS-এর জন্য উপযুক্ত ব্যক্তিদেরকে অবশ্যই 1 মার্চ, 2022 থেকে যুক্তরাষ্ট্রে একটানা বসবাসকারী হতে হবে। TPS পাওয়ার জন্য উপযুক্ত ইউক্রেনীয়রা বিনামূল্যে আইনি সহায়তার জন্য 1-800-566-7636 নম্বরে NYS নিউ আমেরিকান্স হটলাইনে যোগাযোগ করতে পারেন।

যদি আপনাকে সম্প্রতি আশ্রয় প্রদান করা হয়ে থাকে, তাহলে সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance) চুক্তিবদ্ধ সেবা প্রদানকারীদের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটব্যাপী আশ্রয়গ্রহণকারীদের বিনামূল্যে পরিষেবা প্রদান করবে।

আপনার এলাকায় একজন সেবা প্রদানকারীর কাছে যান যিনি আপনাকে নিম্নলিখিত সহায়তা প্রদান করতে পারবেন:

- চাকরি খোঁজা
- বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা ও টিকা গ্রহণ
- অন্যান্য সহায়তা পরিষেবা অ্যাক্সেস করা

আপনার এলাকার একজন সেবা প্রদানকারীকে এখান থেকে খুঁজে নিন এবং শরণার্থী পরিষেবা ও অভিবাসীদের জন্য সহায়তা সম্পর্কে এখান থেকে আরো জানুন।

মানসিক সহায়তা

যদি আপনার 24-ঘণ্টা ফোনে সহায়তা প্রয়োজন হয়: আপনি 1-800-985-5990 নম্বরে ফোন করে মাদকদ্রব্য ব্যবহার ও মানসিক স্বাস্থ্য পরিষেবা প্রশাসনের (Substance Abuse and Mental Health Services Administration, SAMHSA) ডিজাস্টার ডিসট্রেস হেল্পলাইনে যোগাযোগ করতে পারেন। কলকারীরা 3য় পক্ষ দোভাষীর মাধ্যমে ইউক্রেনীয় ও রাশিয়ান সহ 100+ ভাষায় কাউন্সেলরদের সাথে সংযুক্ত হতে পারবেন।

যদি আপনার 24-ঘণ্টার ক্রাইসিস টেক্সট লাইন প্রয়োজন হয়: একজন ক্রাইসিস কাউন্সেলরের সাথে সংযুক্ত হওয়ার জন্য GOT5 লিখে 741741 নম্বরে মেসেজ পাঠান।

বধির বা শ্রবণ প্রতিবন্ধী আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ ব্যবহারকারীদের 24-ঘণ্টা সহায়তার জন্য: জাতীয় ডিজাস্টার ডিসট্রেস হেল্পলাইন (DDH) এখন একটি নিবেদিত ভিডিওফোন অপশনের মাধ্যমে বধির বা শ্রবণ প্রতিবন্ধী আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ ব্যবহারকারীদের জন্য সরাসরি সংকটকালীন কাউন্সেলিং ও সহায়তা প্রদান করছে। দুর্যোগের ভুক্তভোগী ও সাড়া প্রদানকারীরা ASL-এ পারদর্শী প্রশিক্ষণপ্রাপ্ত DDH ক্রাইসিস ওয়ার্কারদের সাথে কোনো ভিডিওফোন-সক্ষম ডিভাইস থেকে 1-800-985-5990 নম্বরে ডায়াল করে অথবা "ASL Now" লিংক ব্যবহার করে সংযুক্ত হতে পারবেন যেটি DisasterDistress.samhsa.gov ওয়েবসাইটে অ্যাক্সেস করা যাবে।

মানবিক সহায়তা

দান সংক্রান্ত স্ক্যাম এড়িয়ে চলুন। যেকোনো দুর্যোগের সময়, স্ক্যাম আর্টিস্টরা সাহায্য করতে আগ্রহী ব্যক্তিদের অন্তরের কোমলতার অন্যায় সুযোগ গ্রহণ করতে তৎপর হয়ে উঠে। ইউক্রেন আক্রমণের ঘটনা জালিয়াতদের জন্য ভুয়া দাতব্য সংস্থা স্থাপন করার অথবা যুদ্ধের ভুক্তভোগী হওয়ার ভান করার সুযোগ তৈরি করে দিয়েছে। অন্যরা বৈধ কোনো দাতব্য সংস্থার অফিসিয়াল সাইটের হুবহু নকল কোনো সাইট বানিয়ে সরল-বিশ্বাসী দাতাদের অর্থ এবং/অথবা ব্যক্তিগত তথ্য চুরি করার চেষ্টা করে।

দানের অর্থ ভুল হাতে পৌঁছানো ঠেকাতে, নিউ ইয়র্ক স্টেট ভোক্তা সুরক্ষা ডিভিশন নিম্নোক্ত সতর্কতা অবলম্বন করার সুপারিশ দিচ্ছে:

- **অনুরোধ যাচাই করুন।** স্ক্যামাররা এখন আরো বেশি ঘন ঘন সোশ্যাল মিডিয়ায় বন্ধু-বান্ধব, পরিবারের সদস্য বা প্রেমের সম্পর্কে আগ্রহী হিসেবে নিজেদের উপস্থাপন করছে এবং অনুদান পাওয়ার জন্য অনুরোধ করছে। আপনি যদি আপনার পরিচিত মনে হচ্ছে এমন কারো থেকেও অনলাইনে ত্রাণ দানের একটি অযাচিত অনুরোধ পান, তাহলে সেই ব্যক্তির সাথে একটি ভিন্ন যোগাযোগ ব্যবস্থায়

সরাসরি যোগাযোগ করুন অনুরোধটি যাচাই করার জন্য। কোনও লিঙ্কে ক্লিক করবেন না বা উৎস যাচাই না করে কোনও ফর্ম পূরণ করবেন না। যদি আপনি অনলাইনে অতি সম্প্রতি সাক্ষাত করেছেন এমন কারো কাছ থেকে দানের জন্য অনুরোধ আসে, তাহলে খুব সম্ভবত এটি একটি স্ক্যাম এবং আপনার বিশেষভাবে সতর্ক থাকা উচিত।

- **দাতব্য সংস্থা সম্পর্কে অনুসন্ধান করুন।** শুধু চ্যারিটির ওয়েবসাইটের উপর নির্ভর করবেন না। কোনও চ্যারিটিতে দান করার পূর্বে গ্রুপের নাম ব্যবহার করে এবং "রিভিউ" এবং "স্ক্যাম" এ ধরনের সার্চ টার্ম লিখে অনলাইনে অনুসন্ধান করুন। ফেডারেল ট্রেড কমিশন (Federal Trade Commission) দাতব্য সংস্থাগুলোর রিপোর্ট ও রেটিং দেখার জন্য give.org, charitynavigator.org, charitywatch.org, বা candid.org ওয়েবসাইট চেক করার পরামর্শ দিচ্ছে। এছাড়াও কোনো দাতব্য সংস্থা নিবন্ধিত কিনা তা যাচাই করার জন্য আপনি অভ্যন্তরীণ রাজস্ব পরিষেবার (Internal Revenue Service, IRS) সাথেও যোগাযোগ করতে পারেন। এছাড়া অর্থ দান করার আগে দাতব্য সংস্থার আর্থিক অবস্থা ঠিক আছে কিনা তা নিশ্চিত করতে অ্যাটর্নি জেনারেলের দপ্তরও (Office of the Attorney General) আর্থিক প্রতিবেদনের জন্য চ্যারিটিজ রেজিস্ট্রি পর্যালোচনা করে নেয়ার পরামর্শ দিচ্ছে।
- **উচ্চ চাপের কৌশল প্রতিহত করুন।** যদিও পরিস্থিতিটি অতি জরুরি, কিন্তু ভোক্তাদের অবিলম্বে দান করার চাপ প্রতিহত করা উচিত। অনেক সময় স্ক্যামাররা আপনাকে তাৎক্ষণিকভাবে দান করতে চাপ প্রদান করবে, যার ফলে আপনি তাদের গল্পের বিপদ সঙ্কেত দেখতে পাবেন না। "ভুক্তভোগী" ও সলিসিটরদের কাছ থেকে পাওয়া সরাসরি ইমেইল থেকে সাবধান থাকুন যারা হৃদয়-বিদারক কোনো গল্প শুনিয়ে আপনাকে তাৎক্ষণিকভাবে অর্থ দান করার জন্য বলবে। অযাচিত টেলিমার্কেটারদের কাছে ফোনের মাধ্যমে অর্থ পাঠাবেন না; বরং কলকারীকে দাতব্য সংস্থা সম্পর্কে এবং আপনি দান করতে আগ্রহী হলে, কোথায় দান করতে হবে সে সম্পর্কে লিখিত উপকরণ পাঠানোর জন্য বলুন।
- **ব্যক্তিগত তথ্য গোপন রাখুন।** অর্থ দান করার অযাচিত কোনো অনুরোধের উত্তরে কখনো আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বর, ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ডের নম্বর, অথবা ব্যক্তিগত শনাক্তকারী অন্যান্য তথ্য প্রদান করবেন না। অনলাইনে দান করার সময়, দানের অনুরোধ পূরণ করার পূর্বে নিশ্চিত করুন যে আপনার ইন্টারনেট সংযোগ নিরাপদ আছে।
- **প্রশ্ন করুন যে কীভাবে আপনার অর্থ ব্যয় করা হবে।** ভোক্তারা জানতে চায় যে তাদের অর্থ সরাসরি ভিকটিমদের কাছে যাচ্ছে। একটি সত্যিকারের দাতব্য সংস্থা আপনাকে এটা জানাতে সক্ষম হবে যে আপনার দানের অর্থের মধ্যে কী পরিমাণ প্রশাসনিক ফি হিসেবে ব্যয় হবে এবং কী পরিমাণ সরাসরি কর্মসূচির জন্য ব্যয় হবে।
- **চেক বা ক্রেডিট কার্ড দিয়ে দান করুন।** কখনো নগদ, গিফট কার্ড, ক্রিপ্টো কারেন্সি, বা ট্রেস করতে কঠিন হবে এমন টেন্ডার দ্বারা অর্থ দিবেন না। আপনার কাছে দানের রেকর্ড আছে তা নিশ্চিত করতে চেক বা ক্রেডিট কার্ড দিয়ে অর্থ দান করুন। চেক লিখুন চ্যারিটির নামে, ব্যক্তির নামে নয়। যদি আপনি কোনো

দাতব্য সংস্থার ওয়েবসাইটের মাধ্যমে দান করতে বেছে নেন, তাহলে ওয়েবসাইটটি নিরাপদ রয়েছে এবং আপনার কম্পিউটারে সর্বশেষ সংস্করণের অ্যান্টি-ভাইরাস সুরক্ষা রয়েছে কিনা তা চেক করুন।

যদি আপনার সন্দেহ হয় যে আপনি অনুদান পাওয়ার জন্য কোনো জালিয়াতি প্রচেষ্টার সম্মুখীন হয়েছেন, তাহলে আপনি নিউ ইয়র্ক স্টেটের ভোক্তা সুরক্ষা বিভাগের (Division of Consumer Protection) কাছে অভিযোগ দায়ের করতে পারবেন এখানে।

এই বিভাগের ভোক্তা সহায়তা হটলাইন স্টেটের ছুটির দিনগুলো বাদ দিয়ে সোমবার থেকে শুক্রবার সকাল 8:30টা থেকে বিকাল 4:30টা পর্যন্ত খোলা থাকে 1-800-697-1220 নম্বরে। আপনি ভোক্তা সুরক্ষা বিভাগকে সোশ্যাল মিডিয়ায় টুইটারে (Twitter) (@NYSConsumer)-এ এবং ফেসবুকে (Facebook) (http://www.facebook.com/nysconsumer) অনুসরণ করলে আরো তথ্য ও পরামর্শ পেতে পারেন।

আপনার সমর্থন দেখান

নিউ ইয়র্কের ব্র্যান্ডযুক্ত সোশ্যাল মিডিয়া গ্রাফিক্স ব্যবহার করে ফেসবুক, টুইটার, ইনস্টাগ্রাম, ও ইনস্টাগ্রাম স্টোরির মাধ্যমে আপনার সমর্থন প্রকাশ করুন। এছাড়া আপনি এখানে থাকা সোশ্যাল মিডিয়া টুলকিটের মাধ্যমে কিভাবে মানবিক সাড়া প্রদানের প্রতি সমর্থন প্রকাশ করতে হবে সে সম্পর্কে তথ্য ছড়িয়ে দিতে পারেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন